



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ জানুয়ারি' ২০২৪ খ্রি.

তারের জঙ্গল অপসারণ ফেব্রুয়ারিতে ৩ ওয়ার্ডে পাইলট প্রকল্প শুরু করছে চসিক

তারের জঙ্গলে ম্লান হওয়া চট্টগ্রামের সৌন্দর্য ফেরাতে ১৬ ফেব্রুয়ারি থেকে নগরীর তিন ওয়ার্ডে পাইলট প্রকল্প শুরু করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

সোমবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে ডিশ ও ইন্টারনেট সংযোগ প্রদানকারী বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান ও সংগঠনসহ প্রযুক্তি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে সভায় এ সিদ্ধান্ত নেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, চট্টগ্রাম শহরকে নান্দনিকভাবে গড়ে তোলার লক্ষ্যে ভূ-গর্ভস্থ নেটওয়ার্ক সৃষ্টি ও ড্রেনেজ সিস্টেম ব্যবহার করে ডিস ও ইন্টারনেট ক্যাবল সংগ্রালনের বিষয়ে সভায় উপস্থিত আমরা সবাই একমত। প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসাবে প্রাথমিকভাবে ফেব্রুয়ারি মাসের ১৬ তারিখ থেকে লালখান বাজার, বাগমনিরাম এবং জামালখান ওয়ার্ডে পাইলট প্রকল্প চালু করা হবে। এই প্রকল্প সফল হলে পরবর্তীতে অন্যান্য ওয়ার্ডসমূহে এই কার্যক্রম প্রসারিত করব আমরা।

এর আগে গত ২১ নভেম্বর একই বিষয়ে সভা করে চসিক। সভায় উপস্থিত ছিলেন নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি ও ২১ নং জামালখান ওয়ার্ডের কাউন্সিলর শৈবাল দাশ সুমন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও ১৪ নং লালখান ওয়ার্ডের কাউন্সিলর আবুল হাসনাত মোঃ বেলাল, পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সদস্য ও ০৭ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর রূমকি সেনগুপ্ত, পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সদস্য-সচিব ও কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, সহকারী নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার অব বাংলাদেশ (ISPAB) এর সভাপতি এমদাদুল হক ও সাধারণ সম্পাদক নাজমুল করিম ভূইয়াসহ ক্যাবল অপারেটর অব বাংলাদেশ (COAB) এর প্রতিনিধিগণ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮